



ফুলবাড়ী ক্যাম্পে নিজ রাইফেলের গুলিতে বিজিবি সদস্যের মৃত্যু



সংগৃহীত ছবি

কুড়িগ্রামের ফুলবাড়ী উপজেলার একটি সীমান্ত ক্যাম্পে নিজ রাইফেলের গুলিতে নাসিম উদ্দিন নামে এক বিজিবি সদস্যের মৃত্যু হয়েছে। তিনি বিজিবির সিপাহী পদে কর্মরত ছিলেন। বৃহস্পতিবার (১ জানুয়ারি) দিবাগত গভীর রাতে ঘটনাটি ঘটে।

বিজিবি ও পুলিশ সূত্র জানায়, ১৫ বিজিবি লালমনিরহাট ব্যাটালিয়নের অধীন গংগারহাট বিওপি ক্যাম্পে কর্মরত নাসিম উদ্দিন রাতে সীমান্ত টহলের প্রস্তুতি নিচ্ছিলেন। এ সময় ইউনিফর্ম পরিধান করে অস্ত্র বুঝে নিয়ে ব্যারাকের পাশেই অবস্থান করছিলেন তিনি। এক পর্যায়ে হঠাৎ করে নিজ রাইফেলের গুলিতে তিনি গুরুতর আহত হন।

গুলির শব্দ শুনে ক্যাম্পের অন্যান্য সদস্যরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে নাসিম উদ্দিনকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করেন। পরে তাকে ফুলবাড়ী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

নিহত নাসিম উদ্দিন বিনাইদহ জেলার সদর উপজেলার খাজুরা গ্রামের বাবুল মন্ডলের ছেলে। ঘটনার পর শুক্রবার সকালে পুলিশ মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কুড়িগ্রাম সদর হাসপাতালের মর্গে পাঠায়।

এ ঘটনায় ক্যাম্পের পক্ষ থেকে ফুলবাড়ী থানায় একটি অপমৃত্যু মামলা দায়ের করা হয়েছে। তবে মৃত্যুর সুনির্দিষ্ট কারণ এখনো নিশ্চিত নয়।

ফুলবাড়ী থানার অফিসার ইনচার্জ (ওসি) মাহমুদ হাসান নাসিম বলেন, প্রাথমিকভাবে বিষয়টি নিজ রাইফেলের গুলিতে মৃত্যু বলে ধারণা করা হচ্ছে। ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার পর ঘটনাটির প্রকৃত কারণ সম্পর্কে নিশ্চিত হওয়া যাবে।